

গ্লোবাল এমভিটি পার্টনার ইম্প্যাক্ট পার্সন এওয়ার্ড পেলেন মেডিএইডারের প্রধান নির্বাহী
শাকির আহমদ

- A Monitor Desk Report

Date: 31 December, 2024



ঢাকাঃ ভারতের রাজধানী নয়াদিল্লিতে সার্ভিস এক্সপার্ট প্রমোশন কাউন্সিল আয়োজিত সাজীভানি ২০২৪ অনুষ্ঠানে 'গ্লোবাল এমভিটি পার্টনার ইম্প্যাক্ট পার্সন এওয়ার্ড' পেয়েছেন বাংলাদেশের চিকিৎসা সহায়তা ও চিকিৎসা পর্যটন বিষয়ক প্রতিষ্ঠান মেডিএইডার-এর প্রধান নির্বাহী শাকির আহমদ তামিম।

সম্প্রতি নয়াদিল্লিতে আয়োজিত এই অনুষ্ঠানে এসইপিসি'র পক্ষে এওয়ার্ডটি শাকির আহমদ তামিমের হাতে তুলে দেন এশিয়ার অন্যতম সেরা কার্ডিয়াক সার্জন ও মেদান্তা হাসপাতালের ব্যবস্থাপনা পরিচালক ডা নরেশ ব্রহ্মান।

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন এসইপিসি'র ডিজি ড আবে সিনহা ও ফেডারেশন অভ হেলথকেয়ার এন্ড ওয়েলনেস প্রমোশন কাউন্সিল-এর প্রেসিডেন্ট দালিপ কুমার চোপড়া।

উল্লেখ্য, শাকির আহমদ তামিম দীর্ঘদিন ধরে বিশ্বব্যাপী মেডিকেল ট্যুরিজমের প্রসারে কাজ করে আসছেন।

T